# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৯৪

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ কোন মুমূর্ষু ব্যক্তির কাছে উপস্থিত হলে তার জন্য মাগফিরাত কামনা করার নির্দেশ প্রসঙ্গে

ذِكْرُ الْأَمْرِ لِمَنْ حَضَرَ الْمَيِّتَ بِسُؤَالِ اللَّهِ جَلَّ وَعَلَا الْمَغْفِرَةَ لِمَنْ حَضَرَتْهُ الْمَنِيَّةُ

---

আরবী

2994 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْعَبْدِيُّ قَالَ: أَخْبَرَنَا سُفْيَانُ الثَّوْرِيُّ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي وَائِلٍ عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا حَضَرْتُمُ الْمَيِّتَ فَقُولُوا خَيْرًا فَإِنَّ الْمَلَائِكَةَ تُؤَمِّنُ عَلَى مَا تَقُولُونَ) قَالَتْ: فَلَمَّا مَاتَ أَبُو سَلَمَةَ قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ مَا أَقُولُ؟ قَالَ: (قُولِي: اللَّهُمَّ اغْفِرْ لَهُ وأَعْقِبْنَا عُقْبَى صَالِحَةً) قَالَتْ: فَأَعْقَبَنِي اللَّهُ محمداً صلى الله عليه وسلم.

الراوي : أُمِّ سَلَمَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2994 | خلاصة حكم المحدث: حسن ـ ((ابن ماجه)) (1447): م.

বাংলা

২৯৯৪. উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমরা মুমূর্ষু ব্যক্তির নিকট উপস্থিত হবে, তখন তোমরা ভালো কথা বলবে। কেননা তোমরা যা বলো, তাতে ফেরেস্তাগণ আমীন বলে থাকেন।”

উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “যখন আবূ সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহু মারা যান, তখন আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি কী বলবো?” জবাবে তিনি বলেন, “তুমি বলো, اللَّهُمَّ اغْفِرْ لَهُ وأَعْقِبْنَا عُقْبَى صَالِحَةً (হে আল্লাহ, আপনি তাকে ক্ষমা করে দিন এবং আমাদেরকে উত্তম পরিণতি দান কর)।”[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ৩১১৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬০৬৬; মুসনাদ আহমাদ: ৬/৩২২; তাবারানী: ২৩/৭২২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২৩৬; ইবনু মাজাহ: ১৪৪৭; তিরমিযী: ৯৭৭; নাসাঈ: ৪/৪; সহীহ মুসলিম: ৯১৯; হাকিম: ৪/১৬; বাগাবী: ১১৬১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (ইবনু মাজাহ: ১৪৪৭)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92324

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন